

**Subject Bengali**

**2<sup>nd</sup> language**

**Answer script**

**Class-2**

**কবিতা**

**আমাদের গ্রাম।**

**কবি**

**বন্দে আলী মিয়া।**

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) আমাদের গ্রাম কবিতাটির কবির নাম লেখ।

উঃ) আমাদের গ্রাম কবিতাটি লিখেছেন কবি বন্দে আলী মিয়া।

খ) আমাদের ছোট গ্রাম কার সমান?

উঃ) আমাদের ছোট গ্রাম মায়ের সমান।

গ) কারা হিংসা ও মারামারি কখনো করে না ?

উঃ) পাড়ার ছেলেরা সকলে হিংসা ও মারামারি কখনো করে না।

ঘ) সকালে পূর্ব দিকে কি ওঠে ?

উঃ)সকালে পূর্বদিকে সোনার রবি ওঠে।

২) নীচের কথাগুলোর অর্থ বা মানে লেখ।

কভু- কখনো।

পাঠশালা- একসাথে পড়ার জায়গা।

ডরি-ভয় পাই।

পড়শী-প্রতিবেশী।

বায়ু-হাওয়া।

রবি-সূর্য।

৩) ফাঁকা জায়গায় ঠিক কথাটি বসাও।

আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর,

থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।

পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই,

একসাথে খেলি আর পাঠশালে যাই।

হিংসা ও মারামারি কভু নাহি করি।

পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

৪) সঠিক উত্তরের পাশে( টিক)চিহ্ন দাও।

ক) (চাঁদের/তারার ) কিরণ লেগে করে ঝিকিঝিকি ।

খ) পাড়ার সকল ছেলে মোরা (ভাই ভাই/ বোন বোন) ।

গ) মিলে মিশে আছে ওরা (পড়শী/পাখি) হেন ।

\*\*\*\*\*

